

💵 বিদ'আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ এ কথাটির কোনো ভিত্তি নেই বরং তা বিদ'আত এবং নিন্দনীয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: ব্রিটেন থেকে ইসলামি জামাত প্রশ্ন করেছে যে, কেউ কেউ দো'আ কুনুতে বলে থাকেন: بين سقفنا وکهيعص تکفينا (বাইনা সাকফিনা ও কাফ-হা-ইয়া-আইন সদ তাকফীনা) এর হুকুম কি? যারা তা বলে তাদের পিছনে কি সালাত হবে?

উত্তর: এ আমলটি নিন্দনীয় এবং বিদ'আত, ইসলামে এর কোনো ভিত্তি নেই। সে যদি এ বিদ'আত ছেড়ে দিয়ে তাওবা না করে তাহলে দায়িত্বশীলদের উচিৎ হলো; তাকে ইমামতি থেকে বাদ দিয়ে ভালো একজন ইমাম নিয়োগ করা। কেননা আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَٱلدَّمُونَ وَٱلدَّمُونَ وَٱلدَّمُونَ وَٱلدَّمُونَ وَٱلدَّمُونَ وَٱلدَّمُونَ وَيَندَّهُم اللَّهُ وَالْمَاكُ وَالْمَاكُ وَلَا اللَّهُ وَالْمَعْدَارُوفِ وَيَندَّهُوكَ عَنِ الْمَاكُر ﴾ [التوبة: ٧٧]

"মুমিন নর-নারী একজন অপরজনের বন্ধু, তারা সৎকর্মের নির্দেশ দেয় এবং অসৎকর্মের নিষেধ করে।" [সূরা তাওবা/৭১]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«مَنْ رَأًى مِنْكُمْ مُنْكَرًا فَلْيُغَيِّرُهُ بِيَدِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلَسَانِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقَلْبِهِ، وَذَلِكَ أَضْعَفُ الْإِيمَانِ»

"তোমাদের মধ্যে যে ব্যক্তি কোনো অন্যায় হতে দেখবে সে যেন তা হাত দ্বারা প্রতিহত করে, তা করা সম্ভব না

হলে মুখ দ্বারা নিষেধ করবে, অতঃপর তাও যদি সম্ভব না হয় তাহলে অন্তরে ঘৃনা করবে, আর এটিই সবচেয়ে

দুর্বলতম ঈমান।"[1]

>

ফুটনোট

[1] সহীহ মুসলিম , হাদীস নং ৪৯

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11053

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন